



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/1/2021

গভর্নর অ্যাল্ডু এম. কুওমো

গভর্নর কুওমো হাডসন ভ্যালি, নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ড জুড়ে জরুরি অবস্থা ঘোষণা করেছেন - নিউ ইয়র্কবাসীদের ভ্রমণ এড়াতে উৎসাহিত করা হয়েছে

নিউ ইয়র্ক সিটিতে জরুরি অবস্থা ঘোষণা করা হয়েছে, পাশাপাশি সালিভান, আলস্টার, ডাচেস, অরেঞ্জ, পুটনাম, রকল্যান্ড, ওয়েস্টচেস্টার, নাসাউ এবং সাফোক কাউন্টিতেও জরুরি অবস্থা ঘোষণা করা হয়েছে

ভ্রমণ এবং যাত্রী উপদেষ্টা: ভূমির উপরের সাবওয়ে সার্ভিস উল্লেখযোগ্যভাবে বিলম্বিত হতে পারে অথবা আজ বিকেলে নর-ইস্টারের কারণে বন্ধ করা হতে পারে; লং আইল্যান্ড রেলওয়ে এবং মেট্রো-উত্তর অংশে এছাড়াও পরিষেবা স্বগিতের সম্মুখীন হতে পারে

লং আইল্যান্ড এক্সপ্রেসওয়ে, I-84 সহ গুরুত্বপূর্ণ সড়কপথের কিছু অংশ ভ্রমণ নিষেধাজ্ঞার সম্মুখীন হতে পারে যদি তুসারপাতের হার প্রতি ঘন্টায় 2 -3 ইঞ্চির মধ্যে পৌঁছায়।

গভর্নর অ্যাল্ডু এম. কুওমো আজ হাডসন ভ্যালি এবং লং আইল্যান্ড জুড়ে নিউ ইয়র্ক সিটি এবং আরও 9টি কাউন্টিতে জরুরি অবস্থা জারি করেছেন। বিশেষ করে, জরুরি ঘোষণার অন্তর্ভুক্ত কাউন্টিগুলি হল সালিভান, আলস্টার, ডাচেস, অরেঞ্জ, পুটনাম, রকল্যান্ড, ওয়েস্টচেস্টার, নাসাউ এবং সাফোক কাউন্টি।

গভর্নর এছাড়াও পর্যটক এবং যাত্রীদের জন্য একটি উপদেশ জারি করেছেন - ঝড়ের তীব্রতার উপর নির্ভর করে, ভূমির উপরের সাবওয়ে সার্ভিস, সেই সাথে লং আইল্যান্ড রেলওয়ে এবং মেট্রো-উত্তরের কিছু অংশে সেবা, আজ বিকেলে উল্লেখযোগ্যভাবে বিলম্বিত বা বন্ধ করা হতে পারে। উপরন্তু, লং আইল্যান্ড এক্সপ্রেসওয়ে, I-84 সহ বেশ কয়েকটি প্রধান সড়কপথ ভ্রমণ নিষেধাজ্ঞার সম্মুখীন হতে পারে যদি তুসারপাতের হার প্রতি ঘন্টায় প্রত্যাশিত দুই থেকে তিন ইঞ্চি হারে পৌঁছায়। নিউ ইয়র্কবাসীদের সকল অপ্রয়োজনীয় ভ্রমণ এড়িয়ে চলার আহ্বান জানানো হচ্ছে। যে সব নিউ ইয়র্কবাসীদের অবশ্যই ভ্রমণ করতে হবে তাদের অত্যন্ত সতর্কতার সাথে এটা করা উচিত এবং **দুপুর 12টার আগে** তাদের গন্তব্যে পৌঁছানোর চেষ্টা করা উচিত।

"এই ঝড় কোন কৌতুক নয় এবং এই মুহূর্তে প্রধান উদ্বেগ হচ্ছে যে আজ বিকেলে প্রতি ঘন্টায় দুই ইঞ্চি তুসারপাতের হার আমাদের রাস্তায় একটি অত্যন্ত বিপজ্জনক পরিস্থিতির সৃষ্টি করেছে," **গভর্নর**

কুওমো বলেন। "যখন তুষারপাত দ্রুত হচ্ছে, তখন প্লাও এর পক্ষে এর সাথে তাল মেলানো খুবই কঠিন হয়ে পড়ে। আমি চাই নিউ ইয়র্কবাসীরা আমার কথা জোরে এবং পরিষ্কার ভাবে শুনুক - বাড়িতে থাকুন এবং রাস্তা থেকে দূরে থাকুন এবং যদি আপনাকে ভ্রমণ করতে হয়, তাহলে দুপুরের আগে আপনি যেখানে যাচ্ছেন সেখানে পৌঁছে যান, এবং কিছুসময়ের জন্য বাড়িতে থাকার প্রস্তুতি নিন। আমরা এর আগেও এর মধ্যে দিয়ে গিয়েছি এবং আমরা আবার এর মধ্যে দিয়ে যাব।"

এই ঝড়, যা ইতোমধ্যে ডাউনস্টেটে রাতারাতি তুষারপাত উৎপাদন শুরু করেছে, আশা করা হচ্ছে তা আজ রাতে উত্তরদিকে লম্বা সময় ধরে তুষারপাত বয়ে আনবে এবং বুধবার সকাল পর্যন্ত কিছু জায়গায়, বিশেষ করে নর্থ কান্ডি, সাউদার্ন টিয়ার এবং সেন্ট্রাল নিউ ইয়র্ক-এর কিছু অংশে তুষারপাত চলবে। নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড এবং মিড হাডসন অঞ্চলে সর্বোচ্চ তুষারপাতের সম্ভাবনা রয়েছে যেখানের কিছু অংশে মঙ্গলবার সকালের মধ্যে দুই ফুট পর্যন্ত তুষারপাত হতে পারে। ক্যাপিটাল রিজিয়ন, সেন্ট্রাল নিউ ইয়র্ক, মোহক ভ্যালি এবং সাউদার্ন টিয়ারের অন্যান্য স্থানে মঙ্গলবার বিকেল এবং বুধবার সকালের মধ্যে এক ফুট পর্যন্ত তুষারপাতের সম্ভাবনা রয়েছে।

ঝড় উত্তরদিকে অগ্রসর হওয়ার সাথে সাথে আজ সকালে তুষারপাতের হার প্রতি ঘন্টায় 1-3 ইঞ্চি বৃদ্ধি পাবে বলে আশা করা হচ্ছে। লং আইল্যান্ডে বাতাসের গতিবেগ ঘন্টায় 50 মাইল বা তার বেশি হতে পারে, বিশেষ করে পূর্ব লং আইল্যান্ডে যেখানে ঘন্টায় 60 মাইল বেগে ঝোড়ো হাওয়া বইতে পারে, অন্যদিকে আপস্টেটের অনেক জায়গায় ঘন্টায় 40 মাইল বেগে ঝোড়ো হাওয়া বইতে পারে। তুষারপাত এবং ভাসমান তুষারের ফলে কিছু জায়গায় দৃশ্যমানতা কমে যাবে এবং ড্রাইভিং পরিস্থিতি বিপজ্জনক হয়ে উঠবে।

আপনার এলাকায় আবহাওয়া নজরদারি এবং সতর্কতার সম্পূর্ণ তালিকার জন্য, আপনার এলাকার জাতীয় আবহাওয়া সেবার [ওয়েবসাইট](#) ভিজিট করুন।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)